DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2024

## BNGACOR10T-BENGALI (CC10)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা ভাষায় রচিত একটি সাহিত্যিক মহাকাব্যের বিচার করো। ২+৩+৫

**অথবা**

(খ) ঐতিহাসিক নাটক কাকে বলে ? বাংলা ভাষায় রচিত একটি সার্থক ঐতিহাসিক নাটকের পরিচয় দাও। ২+৮

**একক-২**

(গ) ব্যক্তিগত প্রবন্ধ ও রম্যরচনার তুলনামূলক আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই বৈশিষ্ট্যের নিরিখে বাংলা ভাষায় রচিত একটি আঞ্চলিক উপন্যাসের সার্থকতা বিচার করো। ৫+৫

**একক-৩**

(ঙ) "রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদ রূপ একটি ব্যাপার।" — রসের স্বরূপ ব্যাখ্যায় উক্তিটি কতদূর বিচার্য, তা লেখো। ১০

**অথবা**

(চ) 'ধ্বনিবাদ' বলতে কী বোঝো ? ধ্বনি কীভাবে কাব্যের আত্মা হয়ে উঠতে পারে, তা আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) 'অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ।' — বিষয়টি বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(জ) 'সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।' — উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৫
গীতিকাব্য, অ্যাবসার্ড নাটক।

(খ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৫
ভ্রমণ সাহিত্য, রাজনৈতিক উপন্যাস।

(গ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৫
নবরস, সহৃদয়-হৃদয়-সংবাদী।

(ঘ) 'জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়।' — ব্যাখ্যা করো। ৫

——×——